# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৭৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২. মসজিদে থু থু ফেলা অপছন্দনীয়

## باب فِي كَرَاهِيَةِ الْبُزَاقِ فِي الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ، حَدَّثَنَا حَمَّادٌ، حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ بَيْنَمَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَخْطُبُ يَوْمًا إِذْ رَأَى نُخَامَةً فِي قِبْلَةِ الْمَسْجِدِ فَتَغَيَّظَ عَلَى النَّاسِ ثُمَّ حَكَّهَا قَالَ وَأَحْسِبُهُ قَالَ فَدَعَا بِزَعْفَرَانٍ فَلَطَّخَهُ بِهِ وَقَالَ " إِنَّ اللهَ قِبَلَ وَجْهِ أَحَدِكُمْ إِذَا صَلَّى فَلاَ يَبْزُقْ بَيْنَ يَدَيْهِ "

ـ صحيح : ق دون اللطخ

قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ إِسْمَاعِيلُ وَعَبْدُ الْوَارِثِ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعٍ وَمَالِكٌ وَعُبَيْدُ اللهِ وَمُوسَى بْنُ عُقْبَةَ عَنْ نَافِعٍ نَحْوَ حَمَّادٍ إِلَّا أَنَّهُ لَمْ يَذْكُرُوا الزَّعْفَرَانَ وَرَوَاهُ مَعْمَرٌ عَنْ أَيُّوبَ وَأَثْبَتَ الزَّعْفَرَانَ فِيهِ وَذَكَرَ يَحْيَى بْنُ سُلَيْمٍ عَنْ عُبَيْدِ اللهِ عَنْ نَافِعٍ الْخَلُوقَ

বাংলা

৪৭৯। ইবনু ’উমার (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুতবাহ দানকালে মসজিদের ক্বিবলা (কিবলা/কেবলা)র দিকে কফ্ দেখতে পেয়ে তিনি লোকদের উপর অসন্তুষ্ট হন এবং পরে তিনি তা তুলে ফেলেন। বর্ণনাকারী বলেন, আমার ধারণা পরে তিনি জাফরান আনিয়ে সেখানে তা লাগিয়ে দিয়ে বললেনঃ সালাত আদায়কালে মহান আল্লাহ তোমাদের সামনেই থাকেন। কাজেই সালাত আদায়ের সময় কেউ যেন সামনে থু থু না ফেলে। [1]

সহীহ : বুখারী ও মুসলিমে জাফরান লাগানোর কথাটি নেই।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, কোন কোন বর্ণনায় জাফরানের কথা উল্লেখ নেই। আবার কোন বর্ণনায় ’আল-

খালূক’ তথা ’কস্তুরীযুক্ত সুগন্ধি’র কথা উল্লেখ আছে।

## English

Ibn ‘Umar reported:
One day while the Messenger of Allah(ﷺ)was giving sermon he suddenly saw phlegm on the wall towards the qiblah(the direction to which Muslims turn in prayer) of the mosque. So he became angry at people. He then scraped it and sent for saffron and stained with it. He then said: When any one of you prays, Allah, the Exalted, faces him: he, therefore, should not spit before him.

### ফুটনোট

[1] বুখারী (অন্যায়ঃ আযান, অনুঃ সালাতের মধ্যে কোনো কিছু ঘটলে বা কিছু দেখবে অথবা ক্বিবলাহর দিকে থুথু ফেললে, সে দিকে তাকানো, হাঃ ৭৫৩), মুসলিম (অধ্যায়ঃ মাসজিদ ও সালাতের স্থান, অনুঃ সালাতরত বা অন্য কোনো অবস্থায় মসজিদে থুথু ফেলা নিষেধ), দারিমী (১৩৬৭) ইবনু ‘উমার সূত্রে আহমাদ (২/৬, ১৮, ২৯, ৩২, ৩৪, ৫৩, ৬৬, ৭২, ৯৯, ১৪১, ১৪৪) ইবনু মাজাহ (৭৬৩) সকলেই ইবনু নাফি‘ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57797

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন